

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ১৯৬৪

আগরতলা, ২৭ আগস্ট, ২০ ১৮

রাজ্য সি এম ডেশ বোর্ড ওয়েব পোর্টালের উদ্বোধন

আজ সন্ধিয়ায় মহাকরণের ভিডিও কনফারেন্স হলে মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব আনুষ্ঠানিকভাবে ত্রিপুরায় সি এম ডেশ বোর্ড (tr.cmdashboard.nic.in) নামক ওয়েব পোর্টাল চালু করেন। এই পোর্টালটি এন আই সি উত্তরপ্রদেশ তৈরি করেছে এবং এখন তা সারা দেশে বাস্তবায়িত করা হচ্ছে। এই সি এম ডেশ বোর্ড নামক ওয়েব পোর্টালের মাধ্যমে রাজ্যের মুখ্যমন্ত্রী, মুখ্যসচিব এবং উচ্চপদস্থ আধিকারিকগণ খুব সহজেই বিভিন্ন সরকারি প্রকল্পের পর্যালোচনা করতে পারবেন। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী এছাড়াও রাজ্যের তথ্য ও প্রযুক্তি দপ্তর দ্বারা তৈরি টাঙ্ক মনিটরিং সিস্টেমও চালু করেন। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, দেশের প্রধানমন্ত্রী ভারতবর্ষকে ২০২২ সালের মধ্যে ডিজিট্যাল ইন্ডিয়া বানানোর যে স্বপ্ন এবং উত্তর-পূর্বাঞ্চলের রাজ্যগুলিকে এক নতুন দিশা দেখাবার যে উদ্যোগ নিয়েছেন রাজ্য সরকার সেই লক্ষ্যেই কাজ করছে। মুখ্যমন্ত্রী বলেন, ইন্টারনেট ছাড়া বর্তমান সময় প্রায় অচল। মুখ্যমন্ত্রীর বিশ্বাস আমাদের রাজ্যেও এন আই সি সেই দিশাতেই কাজ করবে।

অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী সাংবাদিকদের সাথে কথা বলতে গিয়ে বলেন, সি এম ডেশ বোর্ড এবং টাঙ্ক মনিটরিং সিস্টেমের মাধ্যমে সরকার খুব দ্রুততার সাথে রূপায়িত উন্নয়ন কর্মসূচির পর্যালোচনা ও মূল্যায়ন করতে পারবে। এই দুটি সিস্টেম চালু হওয়ার ফলে ওয়েবসাইট দেখেই সরকারি উন্নয়ন কর্মসূচির অগ্রগতি সম্পর্কে অবহিত হয়ে প্রয়োজনীয় ব্যবস্থা দ্রুত গ্রহণ করা যাবে। এতে সময়ের কাজ সময়ে শেষ হবে এবং কাজে পারদর্শিতা ও স্বচ্ছতা আসবে। অনুষ্ঠানে ভিডিও কনফারেন্সের মাধ্যমে এন আই সি-র ডি জি নীতা ভার্মা সি এম ডেশ বোর্ড সম্পর্কে অনুষ্ঠানে উপস্থিত সকলকে অবহিত করেন। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী ছাড়াও মুখ্যসচিব সঞ্জীব রঞ্জন, তথ্য ও প্রযুক্তি দপ্তরের প্রধান সচিব জি এস জি আয়েঙ্গার, মুখ্যমন্ত্রীর অতিরিক্ত সচিব ডা. মিলিন্দ রামটেকে উপস্থিত ছিলেন।
